# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।



| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৮ আগস্ট, ২০০৭ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন নিজামউদ্দিন আহমেদ, (ট্যাজ), পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন সাইফ সিদ্দিকী, পিএসসি, জিডি (পি) -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম -- সদস্য
সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

(৪) মেজর আবু নোমান মোঃ মোছলেহ উদ্দীন -- সদস্য
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।

(৫) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী -- সদস্য
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস।

(৬) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ -- সদস্য
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোঃ আব্দুর রাশেদ লস্কর (অবঃ), মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিন, মহাখালী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোঃ আব্দুল খালেক (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি, সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

সভার শুরুতেই বোর্ডের নব-নিযুক্ত সদস্য বা নৌ জা হাজী মহসিন এর অধিনাকয়ক ক্যাপ্টেন নিজামউদ্দিন আহমেদ, (ট্যাজ), পিএসসি, বিএন-কে সভাপতি মহোদয় কর্তৃক শপথ পাঠ করানো হয় এবং উপস্থিত সদস্য ও আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ ঃ গত ২৬ জুলাই, ২০০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২৬ জুলাই, ২০০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ ঃ জুলাই, ২০০৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরনী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জুলাই, ২০০৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরনী অবলোকন করা হলো।

চলমান পাতা-২

আলোচ্যসূচী-৩ ঃ জুলাই, ২০০৭ মাসের আয়-ব্যয়ের খাতওয়ারী হিসাব বিবরণীসহ রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জুলাই, ২০০৭ মাসের আয়-ব্যয়ের খাতওয়ারী হিসাব বিবরণীসহ রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ ঃ জুলাই, ২০০৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জুলাই, ২০০৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বেগম জরনীগার চৌধুর<br>স্বামী- লেঃ জেনাঃ হাসান মশহুদ চৌধুরী, পিএসসি (অবঃ) | ৩২০ | মহাখালী ডিওএইচএস | নির্মিত ০৫(পাঁচ) তলা ভবনে লিফ্ট সংযোজন (সংশোধিত নকশা) |
| (২) | বিএ-১২৬৪ ব্রিগেঃ জেনাঃ তালিবুর রহমান, এনডিসি, পিএসসি | ২০২ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ) |
| (৩) | বিএসএস-১১৬৯ মেজর খন্দকার আবু হান্নান | ২১৮ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা ভবনের সিঁড়ির কক্ষ পরিবর্তন |
| (৪) | বিএ-১৯৩৯ লেঃ কর্ণেল এস এম ফিরোজ আহমেদ | ৬১৪ | -ঐ- | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৫) | পি নং-২৪৬ ক্যাপ্টেন নিজাম উদ্দিন আহমেদ, বিএন | ৪৩৭ | -ঐ- | সংশোধিত ০৬ (ছয়) তলা নতুন ভবন (বৈদ্যুতিক সাব স্টেশন স্থাপনের জন্য কক্ষ পরিবর্তন) |
| (৬) | পি নং-২৫১ ক্যাপ্টেন আনায়ারুল হক চৌধুরী | ৫৩৭ | -ঐ- | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৭) | বিএ-১৯২৬ কর্ণেল মোঃ জালাল উদ্দিন, ইএমই | ৭৭৯ | -ঐ- | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৮) | পি নং-৩২৩ কমান্ডার মোঃ আব্দুল গাফ্ফার (অবঃ) | ৩১২ | -ঐ- | ০৬ (ছয়) তলা নতুন ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপরোল্লিখিত নকশাসমূহ অনুমোদন করা হলো। তবে পরবর্তী সভায় বোর্ডের অনুমোদনের নিমিত্তে উপস্থাপিতব্য নকশাসমূহ কারিগরীভাবে সঠিক থাকলে সংশ্লিষ্ট সকল প্রকৌশলীর স্বাক্ষরসহ বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্যসূচী-৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব জমশেদ চৌধুরীর ২২ এপ্রিল, ২০০৭ তারিখের আবেদনের প্রেক্ষিতে বেগম আকলিমা খানম, স্বামী- বিএ-৩২২২ মেজর (অবঃ) এ টি এম গোলাম মর্তুজা এর নিকট বি-৪ নং ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১২ আগস্ট, ২০০৭ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯ নং প্লটে নির্মিত বাড়ীর বি-৪ নং ফ্ল্যাটটি বেগম আকলিমা খানম, স্বামী- বিএ-৩২২২ মেজর (অবঃ) এ টি এম গোলাম মর্তুজা এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৩

আলোচ্যসূচী-৭ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭০ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক সৈয়দা মুশারাত চৌধুরীর ১৯ মে, ২০০৭ তারিখের আবেদনের প্রেক্ষিতে (১) মেজর (অবঃ) রবিউল আফিজ, পিতা- আফিজুদ্দিন আহমেদ, (২) বেগম রুবায়েত রুম্পা, স্বামী- মেজর (অবঃ) রবিউল আফিজ এর নিকট সিবি-৩ নং ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০১ আগস্ট, ২০০৭ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭০ নং প্লটে নির্মিত বাড়ীর সিবি-৩ নং ফ্ল্যাটটি (১) মেজর (অবঃ) রবিউল আফিজ, পিতা- আফিজুদ্দিন আহমেদ, (২) বেগম রুবায়েত রুম্পা, স্বামী- মেজর (অবঃ) রবিউল আফিজ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬৭/সি নং প্লটে নির্মিত বাড়ীর ৪/বি নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব হুমায়ুন কবির খন্দকার, পিতা- মরহুম মোঃ জহুরুল হক খন্দকার এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ১১ জানুয়ারি, ২০০৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৬৭/সি/ফ্ল্যাট নং-৪/বি/১৬ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ এবং সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ১৫ জুলাই, ২০০৭ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬৭/সি নং প্লটে নির্মিত বাড়ীর ৪/বি নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব হুমায়ুন কবির খন্দকার, পিতা- মরহুম মোঃ জহুরুল হক খন্দকার এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬৭/সি নং প্লটে নির্মিত বাড়ীর ৪/সি নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে বেগম নাজনীন সুলতানা, স্বামী- মুহাম্মদ জসিম উদ্দিন এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২৪ এপ্রিল, ২০০৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৬৭/সি/ফ্ল্যাট নং-৪/সি/৪৪ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ এবং সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ১৮ জুলাই, ২০০৭ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬৭/সি নং প্লটে নির্মিত বাড়ীর ৪/সি নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে বেগম নাজনীন সুলতানা, স্বামী- মুহাম্মদ জসিম উদ্দিন এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৪

লাচ্যসূচী-১০ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক বেগম হোসনে আরা রহমান, স্বামী- মরহুম এ কে এম মোস্তাফিজুর রহমান এর মৃত্যুজনিত কারণে আলোচ্য প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি মরহুমার উত্তরাধিকারীদের নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সংশ্লিষ্ট উত্তরাধিকারীদের পক্ষে মরহুমার পুত্র জনাব এম হাসান ইকরাম এর ১৫ জুলাই, ২০০৭ তারিখের আবেদন, অত্র দপ্তরের আইন উপদেষ্টার আইনগত মতামত ও সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

হীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক বেগম হোসনে আরা রহমান, স্বামী- মরহুম এ কে এম মোস্তাফিজুর রহমান এর মৃত্যুজনিত মরহুমার নিম্নবর্ণিত উত্তরাধিকারীদের নামে আলোচ্য প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | নাম | সম্পর্ক | বয়স |
|---|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ হাসান ইকবাল | পুত্র | ৪৬ বছর |
| ২। | জনাব এম হাসান ইকরাম | পুত্র | ৪৫ বছর |
| ৩। | জনাব মোঃ হাসান ইউসুফ | পুত্র | ৩৯ বছর |
| ৪। | বেগম সুফিয়া ইসলাম | কন্যা | ৩৪ বছর |

লাচ্যসূচী-১১ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/এ নং প্লটে বাড়ী নির্মাণ কারী সংস্থা এক্সিলেন্ট বিল্ডার্স লিঃ এর ম্যানেজিং ডাইরেক্টর জনাব হাসিবুল বাশার কর্তৃক উক্ত প্লটের বিপরীতে পিপল্‌স লিজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিঃ হতে গৃহীত ঋণের টাকা পরিশোধের ব্যাপারে ১৩ আগস্ট, ২০০৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। এছাড়াও ফ্ল্যাট ক্রেতাগণ ফ্ল্যাট রেজিস্ট্রিকরণের বিষয়ে একটি আবেদন করেন। এতদ্ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রসহ নথিটি সভায় উপস্থাপন করা হলো।

হীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/এ নং প্লটে নির্মিত বাড়ীর নির্মাণকারী সংস্থাকে ঋণ প্রদানের পূর্বে যেহেতু ঋণদানকারী সংস্থা পিপল্‌স লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিঃ কর্তৃক অত্র দপ্তরের পূর্বানুমতি গ্রহণ না করায় উক্ত ঋণ পরিশোধের ব্যাপারে বোর্ডের কোন সংশ্লিষ্টতা নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশ্লিষ্ট ডেভলোপার ও ঋণদানকারী সংস্থাকে অবহিত করা হোক।

লোচ্যসূচী-১২ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ১০(দশ) বছর মেয়াদী 'এ' ব্লকের ১০১ (একশত এক) টি, 'বি' ব্লকের ৪৩ (তেতাল্লিশ)টি, 'ডি' ব্লকের ৪৬ (ছেচল্লিশ)টি, মাছ/মাংস/পান/সব্জি ব্লকের ৯৬ (ছিয়ানব্বই)টি, 'ম' ব্লকের ১৫ (পঁনের)টি এবং পুকুর পাড়ের ০১(এক)টিসহ মোট ৩০২ (তিনশত দুই)টি দোকানের মেয়াদ উত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে পরবর্তী ১০(দশ) বছরের জন্য মেয়াদ নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে বর্তমানে বিদ্যমান দোকানসমূহের ভৌত অবস্থা, ইজারা মেয়াদ উত্তীর্ণের তারিখ ও পরবর্তী মেয়াদে নবায়নের সময়সীমা উল্লেখসহ একটি বিস্তারিত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৫

াচ্যসূচী-১৩ ঃ গত ২৬ জুলাই, ২০০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৭ এর গৃহীত সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা সেনানিবাসের মহাখালী মৌজার সিএস-৬৬ দাগে শাইনী আর্ট কর্তৃক স্থাপিত দুইটি ইউনিপোল, মহাখালী মৌজার সিএস-৬৬ দাগে কনকর্ড আর্ট পাবলিসিটি কর্তৃক একটি ইউনিপোল এবং মহাখালী মৌজার সিএস-৩৬, ৩৭, ৬৬, ও ৭০ দাগে মেসার্স রাফি নিয়ন কর্তৃক চারটি সাইনবোর্ড/ইউনিপোল স্থাপনের মেয়াদ পরবর্তী ০২(দুই) বছরের জন্য নবায়নের নিমিত্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক অত্র দপ্তরে আবেদন করা হয়েছে। উল্লেখ্য যে, এতদ্ব্যাপারে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ২২ ফেব্রুয়ারি, ২০০৭ তারিখের ৩৯১৭/৬/ঢাকা-২/এমকিউ-২ নং পত্র এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ১০ এপ্রিল, ২০০৭ তারিখের বিডি/এলসি/ ১৬১৮/২০০৬/৬৩, ৬৪ ও ৬৫ নং পত্রের মাধ্যমে উল্লেখিত সাইনবোর্ড/ইউনিপোল সমূহের মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০০৭ তারিখ পর্যন্ত নবায়নের বিষয়ে অনাপত্তি জ্ঞাপন করা হয়েছে। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

ত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে উল্লেখিত সাইনবোর্ড/ইউনিপোলসমূহের মেয়াদ বর্ধিত না করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং বর্তমান লিজের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর বিদ্যমান সাইনবোর্ড/ইউনিপোলসমূহ অপসারণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে পত্র প্রদান করা হোক।

চ্যসূচী-১৪ ঃ ডিওএইচএস বারিধারা এলাকায় ইন্টারনেট সংযোগ প্রদানের নিমিত্তে জনাব রিয়াদ মোহাম্মদ মনসুর কাদের, ব্যবস্থাপনা পরিচালক, বিজয় অনলাইন লিঃ, সিলভার টাওয়ার, ১৬ তলা, ৫২ গুলাশান সাউথ এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২ অত্র দপ্তরে ০৫ এপ্রিল, ২০০৭ তারিখে আবেদন করেন। এ বিষয়ে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র চাওয়া হলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০৭ আগস্ট, ২০০৭ তারিখের ১৩০০/১২০/৬৫ নং পত্রের মাধ্যমে বারিধারা ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের নিমিত্তে ছাড়পত্র প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

ত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে বিজয় অনলাইন লিঃ কর্তৃক ডিওএইচএস বারিধারা এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ডিওএইচএসসমূহে বর্তমানে ইন্টারনেট সার্ভিস প্রদানকারী সংস্থাসমূহকে BTRC থেকে অনুমোদন গ্রহণ করতঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করার জন্য পত্র প্রদান করা হোক।

চ্যসূচী-১৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিদ্যমান ইন্টারকম সিস্টেমটি প্রায় ২০ বছর পূর্বে স্থাপন করা হয়েছে। যা প্রায়শঃ অচল থাকে এবং এর খুচরা যন্ত্রাংশও বাজারে পাওয়া না যাওয়ায় মেরামতও করা যাচ্ছে না। ফলে দৈনন্দিন কার্যক্রমে মারাত্মক বিঘ্ন সৃষ্টি হচ্ছে। দৈনন্দিন দাপ্তরিক কাজে গতিশীলতা আনতে পিএবিএক্স ভিত্তিক ১৬ লাইন বিশিষ্ট (ভবিষ্যতে সম্প্রসারণ যোগ্য) একটি প্যানাসনিক পিএবিএক্স সিস্টেম, ১৬ (ষোল)টি সেট, ওয়্যারিং, কানেক্টর বক্স ও ইনস্টলেশন বাবদ এ্যাপেক্স টেলিকম এন্ড কম্পিউটার্স, রাজাবাড়ী চৌরাস্তা, তুরাগ, ঢাকা কর্তৃক ৪৯,৩৫০/- (উনপঞ্চাশ হাজার তিনশত পঞ্চাশ) টাকার দর প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যমে অনুমোদিত হয়েছে। ঘটনোত্তর অনুমোদনের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের দৈনন্দিন দাপ্তরিক কাজে গতিশীলতা আনতে পিএবিএক্স ভিত্তিক ১৬ লাইন বিশিষ্ট (ভবিষ্যতে সম্প্রসারণ যোগ্য) একটি প্যানাসনিক পিএবিএক্স সিস্টেম স্থাপনের নিমিত্তে ৪৯,৩৫০/- (উনপঞ্চাশ হাজার তিনশত পঞ্চাশ) টাকার দর ঘটনোত্তর অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-৬

লাচ্যসূচী-১৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| মিক নং | | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|---|
| ) | | সশস্ত্র বাহিনী দিবস-২০০৭ উপলক্ষে ঃ | | |
| | (ক) | শহীদ্ সরণিস্থ শহীদ জাহাঙ্গীর গেইট হতে শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা পর্যন্ত এবং স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ), সিগন্যাল পোল রংকরণ এবং বৈদ্যুতিক স্যুইচ বোর্ড পেইন্টিংকরণ। | ৪৯,৩৬১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | (খ) | শহীদ সরণিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা হতে সিগন্যাল গেইট পর্যন্ত নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ) এবং সিগন্যাল পোল পেইন্টিংকরণ। | ৪৯,৪৯৭/- টাকা | -ঐ- |
| | (গ) | শহীদ জাহাঙ্গীর গেইট হতে ১৩ এমপি ইউনিট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, বিউটি স্পট, টিএন্ডটি বক্স, বাস স্ট্যান্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, ট্যাংক, গাছের গোড়া, পার্ক, সাইন বোর্ড এবং সিভিল এভিয়েশন হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত ডিভাইডার পেইন্টিং/চুনকামকরণ। | ১,১৬,৩২৬/- টাকা | -ঐ- |
| | (ঘ) | ১৩ এমপি ইউনিট হতে উত্তর দিকে স্বাধীনতা সরণির চৌরাস্তা পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, হাজী মহসিনের সামনের বাসস্ট্যান্ড, পুরাতন আরআইএসডির বাসস্ট্যান্ড এর সামনের রাস্তা, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া, ডিভাইডার ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৭০,৫৮৪/- টাকা | -ঐ- |
| | (ঙ) | স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, রজনীগন্ধা এমপি চেকপোস্ট ও বাজারের দক্ষিণ পার্শ্বের গ্রীল, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রংকরণসহ সাইন বোর্ড লেখার কাজ। | ১,২০,১৪৩/- টাকা | -ঐ- |
| | (চ) | শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, এয়ার হাউসের নিকটস্থ পার্ক, জিআই পাইপের রেলিং, ডিভাইডার, টিএন্ডটি বক্স, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৮০,১১৬/- টাকা | -ঐ- |
| | (ছ) | শিখা অনির্বাণের সম্মুখের ফুটপাত, গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, কেন্দ্রীয় মসজিদের সম্মুখের বাহির পার্শ্ব, গম্বুজ ও ওভারহেড ট্যাংক, গোলাপ বাগানের গ্রীল ইত্যাদি মেরামত ও রংকরণ। | ৯৬,৪১০/- টাকা | -ঐ- |
| | (জ) | পোস্ট অফিস হতে সেনাকুঞ্জ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ও পুরাতন পেট্রোল পাম্পের বাউন্ডারী ওয়াল, ফুলের ড্রাম/চারী, টিএন্ডটি বক্স, গ্যারিসনের সামনের বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল, গাছের গোড়া ও সাইন বোর্ড মেরামতসহ রংকরণ কাজ। | ৭৯,৭২১/- টাকা | -ঐ- |
| | (ঝ) | সেনাকুঞ্জ হতে স্টাফ রোড পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট ও ছাতা মেরামত, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৪৫,৫০০/- টাকা | -ঐ- |
| | (ঞ) | স্টাফ রোড হতে পূর্ব দিকে সমুন্নত স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, সমুন্নত স্বাধীনতা গেইট, গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ ট্যাংক, কামান রংকরণ। | ৭৪,৬৮৮/- টাকা | -ঐ- |

চলমান পাতা-৭

| ক্রমিক নং | | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|---|
| | (ট) | স্টাফ রোড হতে সিএমএইচ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৩০,৫০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| | (ঠ) | সিএমএইচ হতে সিগন্যাল গেইট পর্যন্ত সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স,ফুটপাতের স্ল্যাব, গাছের গোড়া, সাইন বোর্ড ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৫৬,০০০/- টাকা | -ঐ- |
| | (ড) | স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে রোড মার্কিং কাজের জন্য বার্জার পেইন্ট কোম্পানীর রং ও থিনার ক্রয়। | ২,৫২,৫০০/- টাকা (কোম্পানীর নির্ধারিত দর) | অনুদান |
| | (ঢ) | স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে মেশিনের সাহায্যে রোড মার্কিং কাজের লেবার চার্জ। | ১,১৪,০৫৭/- টাকা (বাজার দর) | -ঐ- |
| (২) | | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/ডি নং বাসার ১৬টি ফ্ল্যাটের জন্য আরসিসি আন্ডারগ্রাউন্ড জলাধার নির্মাণ। | ১,৮২,১৮১/- টাকা | -ঐ- |
| (৩) | | ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৪ নং রোডের পশ্চিম অংশে ২১ নং বাড়ীর উত্তর পার্শ্বে ড্রেনের উপর আরসিসি স্ল্যাব নির্মাণ। | ৭৯,৫৩৯/- টাকা | স্থানীয় আয়ের উৎস হতে (স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের পত্র নং- ৬২৪/১/এ, তং- ২/৮/০৬) |

ীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে উপস্থাপিত মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। ক্রমিক নং-১(ক) থেকে (ঠ) এ উল্লেখিত প্রকল্পসমূহের দরপত্র আহ্বানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং অবশিষ্ট মূল্যানুমানসমহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

াচ্যসূচী-১৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| মিক ং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ) | বনানী ডিওএইচএস এলাকার খেলার মাঠের চতুর্দিকে ওয়াকওয়ে নির্মাণ কাজ। | ৫,৪৪,২১০/- টাকা | মেসার্স এম এর এন্টারপ্রাইজ | ১৫.৯০% উর্ধ্বে | ১৫.৯০% উর্ধ্বে | অনুদান |
| ) | বনানী ডিওএইচএস এর ৬ নং রোড ও গলফ ক্লাবের সংযোগ সড়ক রক্ষাকল্পে আরসিসি প্লেট ও পিলার দ্বারা প্যালাসাইডিং করণ। | ১৩,১৬,৫০০/- টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ১৬.৯৫% উর্ধ্বে | ১৬.৯৫% উর্ধ্বে | -ঐ- |
| | বনানী ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ণ রোড, ইস্টার্ণ রোড ও রোড নং-১, ২, ৩ ও ৬ নং রোড মেরামতসহ সীলকোট পেইন্টিং কাজ। | ২১,৬৭,৭০৯/- টাকা | মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স | ১১.৯০% উর্ধ্বে | ১১.৯০% উর্ধ্বে | -ঐ- |
| | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯/সি নং প্লটের পার্শ্বে পুকুর পাড় হতে পশ্চিম দিকে কচুক্ষেতস্থিত ১৪১ নং বাড়ী পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ৮,৮২,৩১১/- টাকা | মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স | ১৫.০০% উর্ধ্বে | ১৫.০০% উর্ধ্বে | -ঐ- |
| | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের দক্ষিণ পার্শ্বে নব-নির্মিত ভবনের উপর তৃতীয় তলায় ০৬(ছয়)টি শ্রেণী কক্ষ নির্মাণ কাজ। | ২৪,৭৫,৯০৩/- টাকা | মেসার্স এ কে কনস্ট্রাকশন | ১৯.৫০% উর্ধ্বে | -- | -ঐ- |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত ০৫ (পাঁচ)টি কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ক্রমিক নং-৫ এ প্রাপ্ত সর্বনিম্ন দর বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ না হওয়ায় পুনঃদরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো। অন্যান্য প্রকল্পসমূহের দর বর্তমানে চলমান এমইএস এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস কর্তৃক

চলমান পাতা-৮

ভেটিংসহ মূল্যানুমান সংশোধন করা হয়েছে। সংশোধিত মূল্যানুমানসহ বোর্ড সভায় নিম্নলিখিত দর অনুমোদন করা হলো। সংশোধিত মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রয়োজনীয় কাগজাদি প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(১) ১৫.৯০% উর্ধ্বদর অনুমোদিত।
(২) ১৬.৯৫% উর্ধ্বদর অনুমোদিত।
(৩) ১১.৯০% উর্ধ্বদর অনুমোদিত।
(৪) ১৫.০০% উর্ধ্বদর অনুমোদিত।

মালোচ্যসূচী-১৮ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৪৮ নং প্লটের নীচতলার উপর ২য় তলায় ২টি বাসস্থান নির্মাণ। | ১,৭৮,২৩৪/- টাকা | দি মুন এন্টারপ্রাইজ |
| (২) | ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, মিরপুর এর সামনের রাস্তা মেরামত/সলিংকরণ। | ৫,০০০/- টাকা | রাইসা কনস্ট্রাকশন |
| (৩) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সভাকক্ষ নির্মাণ। | ৯৫,৭৭৩/- টাকা | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ |
| (৪) | বারিধারা ডিওএইচএস এলাকার পূর্ব পার্শ্বে সীমানা প্রাচীর মেরামতসহ উচ্চতা বৃদ্ধিকরণ কাজ। | ১,০৩,৩৯৯/- টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ |
| (৫) | ক্যান্টনমেন্ট কবরস্থানে মাটি ভরাট ও ফুটপাত নির্মাণ কাজ। | ১,১৯,৯৬০/- টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/ডি এর ১৫টি বাসা মেরামত ও সাজসজ্জাকরণ। | ২১,০৮০/- টাকা | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ |
| (৭) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-১০৮ এর মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ২,০৮৬/- টাকা | মেসার্স হাবিব ট্রেডিং |
| (৮) | ঢাকা সেনানিবাসের পি ই টি পরিচালনার জন্য ২৫(পঁচিশ) টি সাইন বোর্ড নির্মাণ ও বিমান সদর দপ্তরের সম্মুখের পার্কে ১৭ (সতের)টি গ্রীল নির্মাণ ও স্থাপন কাজ। | ৫,৪১৮/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স |
| ৯) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৯৮ (৩য় তলা) মেরামত ও সাজসজ্জাকরণ। | ২,৩০০/- টাকা | মেসার্স এ এম বেগ এন্টারপ্রাইজ |
| ০) | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্বে রোড মেরামতকরণ। | ১,৯৩৯/- টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ |
| ১) | মহাখালী ডিওএইচএস এলাকার শিশু পার্ক এবং বিএটিসির নিকট গেইট রং, চুনকাম এবং ১০৩ নং প্লটের পিছনে স্ল্যাব নির্মাণ। | ৪,৯৯০/- টাকা | বসুন্ধরা ট্রেডার্স |
| ২) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-১০, ২০ ও ২১ এর পার্শ্বে ৪টি শিশু পার্ক মেরামত ও রংকরণ। | ৪,১১৩/- টাকা | মেসার্স এম আর আমিন ট্রেডার্স |

ত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে সভায় উপস্থাপিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় সংশ্লিষ্ট প্রকৌশলী ও ব্যবহারকারী/উপকারভোগীর প্রত্যয়ন সাপেক্ষে জামানত হিসেবে জমাকৃত অর্থ ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

্যসূচী-১৯ ঃ গত ২৭ জুন, ২০০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-৬ এর সিদ্ধান্তক্রমে বারিধারা ডিওএইচএস এলাকার ৩২৩ নং বাড়ীর বিষয়ে অত্র দপ্তরের ঢাক্যাবো/প্লট নং-৩২৩/ডিওএইচএস বারিধারা/৮১ নং পত্রটি বাতিলের ব্যাপারে বারিধারা ডিওএইচএস পরিষদ এর মতামত চাওয়া হলে তাঁদের ২২ আগস্ট, ২০০৭ তারিখের ডিওএইচএস-বা/১২১/ আরবি নং পত্রের মাধ্যমে মতামত প্রদান করা হয়। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকার ৩২৩ নং বাড়ীর বিষয়ে অত্র দপ্তরের ঢাক্যাবো/প্লট নং-৩২৩/ ডিওএইচএস বারিধারা/৮১ নং পত্রটি বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে এ ব্যাপারে আইনানুগভাবে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট প্লটের মালিক, ডেভেলোপার ও প্রস্তাবিত ক্রেতাগণকে অবহিত করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৯

্যসূচী-২০ ঃ গত ২৬ জুলাই, ২০০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৮বিবিধ(৪) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটে একটি আধুনিক সুপার মার্কেট নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

ত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে একটি আধুনিক সুপার মার্কেট নির্মাণের বিষয়ে বিস্তারিত পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে পৃথকভাবে একটি সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে আলোচনাক্রমে আগামী মাসে এ ব্যাপারে একটি সভা অনুষ্ঠানের দিন নির্ধারণ করবেন।

াচ্যসূচী-২১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কারটি (ঢাকা মেট্রো-ক-০৩-৬৪৪০) ১৯৯৩ সালে ক্রয় করা হয়, যা প্রায় ১৪(চৌদ্দ) বছরের পুরানো। গাড়ীটি প্রায়ই বিকল হয়ে পড়ে বিধায় বর্তমানে তা সচল রাখা অত্যন্ত ব্যয়বহুল হয়ে পড়েছে। কারিগরীভাবে গাড়ীটি পর্যবেক্ষণ করে ৭০৩, মিডিয়াম ওয়ার্কশপ, ঢাকা সেনানিবাস কর্তৃক Condemn ঘোষণা করা হয়েছে বিধায় ১০০০ সিসি বা তদুর্ধ্ব সিসির একটি নতুন কার ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

্হীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৪ (চৌদ্দ) বছরের পুরাতন অফিস কারটি (ঢাকা মেট্রো-ক-০৩-৬৪৪০) ৭০৩ মিডিয়াম ওয়ার্কশপ, ঢাকা সেনানিবাস কর্তৃক Condemn ঘোষণা করায় উক্ত গাড়ীটি নিলামে বিক্রিসহ ১০০০ বা তদুর্ধ্ব সিসির একটি নতুন কার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

ালোচ্যসূচী-২২ ঃ ঢাকা সেনানিবাসে সার্বজনীন জন্ম নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নাধীন আছে। রেজিস্টারে জন্ম নিবন্ধনের সাথে সাথে কম্পিউটারে ডাটা এন্ট্রির মাধ্যমে তথ্য সংগ্রহসহ সনদপত্র প্রদান করা হয়ে থাকে। বর্তমানে নিবন্ধনের জন্য প্রায় ৪০,০০০ (চল্লিশ হাজার) এর মতো আবেদনপত্র জমা পড়েছে, যার সংখ্যা প্রতি দিনই বাড়ছে। জন্ম নিবন্ধন কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের নিমিত্তে ৩০০০-৫৯২০/- টাকা বেতন স্কেলে কম্পিউটার অপারেটরের একটি পদ সৃষ্টিসহ উক্ত পদে জরুরী ভিত্তিতে লোক নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসে সার্বজনীন জন্ম নিবন্ধন কার্যক্রম সফল করার নিমিত্তে ৩০০০-৫৯২০/- টাকা বেতন স্কেলে কম্পিউটার অপারেটরের একটি পদ সৃষ্টিসহ উক্ত পদে জরুরী ভিত্তিতে লোক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৩ ঃ ঢাকা সেনানিবাসের কার্যপরিধি পূর্বের তুলনায় বহুগুন বৃদ্ধি পেয়েছ। বর্তমানে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ০৯ (নয়)টি ট্যাক্স কালেক্টরের পদ রয়েছে। ক্যান্টনমেন্ট বাজার এলাকা, কচুক্ষেত এলাকা, ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা ও মিরপুর এলাকাসহ রজনীগন্ধা সুপার মার্কেটের ট্যাক্স/ভাড়া বর্তমান জনবল দিয়ে নিয়মিত আদায়/তদারকি করা দুঃসাধ্য হয়ে পড়েছে। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়মিত রাজস্ব আদায়/তদারকির নিমিত্তে আরো অন্ততঃ ০৩(তিন) জন ট্যাক্স কালেক্টর প্রয়োজন, তবে জরুরী ভিত্তিতে ৩০০০-৫৯২০/- টাকার বেতন স্কেলে ট্যাক্স কালেক্টরের একটি পদসৃষ্টিসহ উক্ত পদে নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে বোর্ডের রজস্ব আদায় ও তদারকিতে গতিশীলতা আনতে ৩০০০-৫৯২০/- টাকার বেতন স্কেলে ট্যাক্স কালেক্টরের একটি পদ সৃষ্টির সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-১০

২৪ বিবিধ (১)ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ জাহাঙ্গীর গেইট এলাকায় রোপণের জন্য ৫০০০টি হাইব্রিড সালভিয়া, ৬০০০টি হাইব্রিড ইনকা, ১০০০টি হাইব্রিড ডায়ানথাস, ১০০০টি পিটুনিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ১২ আগস্ট, ২০০৭ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, কৃষি খামার সড়ক, ফার্ম গেইট, ঢাকা কর্তৃক প্রদত্ত ০১(এক) প্যাকেট (৫০০০টি) হাইব্রিড সালভিয়া বীজের জন্য ৯,০০০/- (নয় হাজার) টাকা, ০৬(ছয়) প্যাকেট (৬০০০টি) হাইব্রিড ইনকা বীজের জন্য প্রতি প্যাকেট ৪,৮০০/- (চার হাজার আটশত) টাকা হিসেবে ২৮,৮০০/- (আটাশ হাজার আটশত) টাকা, ০১(এক) প্যাকেট (১০০০টি) হাইব্রিড ডায়ানথাস বীজের জন্য ৬,০০০/- (ছয় হাজার) টাকা এবং ০১(এক) প্যাকেট (১০০০টি) হাইব্রিড পিটুনিয়া বীজ ১,৩০০/- (এক হাজার তিনশত) টাকাসহ সর্বমোট ৪৫,১০০/- (পঁয়তাল্লিশ হাজার একশত) টাকার সর্বনিম্ন দর প্রদান করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ শহীদ জাহাঙ্গীর গেইট এলাকায় রোপণের জন্য ৫০০০টি হাইব্রিড সালভিয়া, ৬০০০টি হাইব্রিড ইনকা, ১০০০টি হাইব্রিড ডায়ানথাস, ১০০০টি পিটুনিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী, কৃষি খামার সড়ক, ফার্ম গেইট, ঢাকা কর্তৃক প্রদত্ত ০১(এক) প্যাকেট (৫০০০টি) হাইব্রিড সালভিয়া বীজের জন্য ৯,০০০/- (নয় হাজার) টাকা, ০৬(ছয়) প্যাকেট (৬০০০টি) হাইব্রিড ইনকা বীজের জন্য প্রতি প্যাকেট ৪,৮০০/- (চার হাজার আটশত) টাকা হিসেবে ২৮,৮০০/- (আটাশ হাজার আটশত) টাকা, ০১(এক) প্যাকেট (১০০০টি) হাইব্রিড ডায়ানথাস বীজের জন্য ৬,০০০/- (ছয় হাজার) টাকা এবং ০১(এক) প্যাকেট (১০০০টি) হাইব্রিড পিটুনিয়া বীজ ১,৩০০/- (এক হাজার তিনশত) টাকাসহ সর্বমোট ৪৫,১০০/- (পঁয়তাল্লিশ হাজার একশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৪ বিবিধ (২) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আর্মি কঞ্জারভেন্সী শাখার ময়লা অপসারণ কাজে নিয়োজিত ট্রাক নং- ঢাকা মেট্রো-অ-০৫-০০১৬ এর ইঞ্জিন মেরামতের জন্য দরপত্র আহ্বান করা হলে ১৯ আগস্ট, ২০০৭ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স জয়নাল এন্টারপ্রাইজ, ৪৬, মহাখালী, ঢাকা কর্তৃক প্রদত্ত ১৮,৭২০/- (আঠার হাজার সাতশত বিশ) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আর্মি কঞ্জারভেন্সী শাখার ময়লা অপসারণ কাজে নিয়োজিত ট্রাক নং- ঢাকা মেট্রো-অ-০৫-০০১৬ এর ইঞ্জিন মেরামতের নিমিত্তে মেসার্স জয়নাল এন্টারপ্রাইজ, ৪৬, মহাখালী, ঢাকা কর্তৃক প্রদত্ত ১৮,৭২০/- (আঠার হাজার সাতশত বিশ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ হামিদুর রহমান )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।